বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৫তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৫তম কমিশন সভা গত ২৯/০৭/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। 'IFIC Guaranteed Sreepur Township Green Zero Coupon Bond' শীর্ষক ১৫০০ কোটি টাকা অভিহিত মূল্যের ও ১০০০ কোটি টাকা ইস্যু মূল্যের বন্ড ৪ জুন ২০২৩ তারিখে ৮৭১ তম কমিশন সভায় অনুমোদিত হয়েছিল। ১২ জুলাই ২০২৩ তারিখে উহার সম্মতি পত্র ইস্যু করা হয়েছিল। উক্ত বন্ডটির ইস্যুয়ার ছিল Sreepur Township Ltd যা ২ মার্চ ২০২৩ তারিখে নিগমিত (incorporated) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি। কোম্পানিটি নিগমিত হওয়ার পরপরই ১১ এপ্রিল ২০২৩ তারিখে উক্ত বন্ড ইস্যুর আবেদন করেছিল। উক্ত কোম্পানিটির অনুমোদিত মূলধন (authorised capital) ছিল ৫০০ কোটি টাকা ও পরিশোধিত মূলধন (paid up capital) ছিল ৩৩৫ কোটি টাকা যার মধ্যে মাত্র ৪ দিনের ব্যবধানে ২৪৮ কোটি টাকার নগদ অর্থ ভূমি ক্রয়/উন্নয়ন সংক্রান্ত কারণে উত্তোলন করা হয়েছিল যেটি কমিশনের কাছে প্রশ্নবিদ্ধ ছিল। এছাড়াও উক্ত বন্ডটির জামিনদার (guarantor) হিসেবে IFIC Bank PLC, Adviser & Arranger হিসেবে IFIC Investments Ltd, Trustee হিসেবে সন্ধানী লাইফ ইন্সুরেন্স লিমিটেড, ক্রেডিট রেটিং প্রদানকারী হিসেবে Emerging Credit Rating Ltd (ECRL), নিরীক্ষক হিসেবে M.J. Abedin & Co., Chartered Accountants দায়িত্ব পালন করেছে। IFIC Bank PLC উক্ত বন্ড ইস্যু করেনি, মূলত রিয়েল এস্টেট কোম্পানি Sreepur Township Ltd (এসটিএল) উক্ত বন্ডের মাধ্যমে টাকা উত্তোলন করেছে। কিন্তু বিভিন্ন বিজ্ঞাপনে বন্ডের নাম হিসেবে 'আইএফআইসি আমার বন্ড' নামটি ব্যবহার করা হয়েছে। যা বিনিয়োগকারীকে ধারণা দেয় যে, এ বন্ড IFIC Bank PLC ইস্যু করেছে; কিন্তু IFIC Bank PLC ছিল মূলত বন্ডটির জামিনদার (guarantor)। এভাবে বিনিয়োগকারীদের প্রতারিত করে বিনিয়োগে আকৃষ্ট করা হয়। এ বিষয়ে 'পুঁজিবাজার অনুসন্ধান ও তদন্ত কমিটি' কর্তৃক অনুসন্ধান ও তদন্ত পরিচালিত হয়েছে এবং এর প্রতিবেদন কমিশনে জমা হয়েছে। এ সংশ্লিষ্ট বিষয়সমূহ বিবেচনায় নিয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ কমিশন কর্তৃক গৃহীত হয়েছে:

ক) IFIC Bank PLC এর তৎকালীন চেয়ারম্যান Mr. Salman Fazlur Rahman কে ১০০ কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার এবং পুঁজিবাজারে আজীবন অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) IFIC Bank PLC এর তৎকালীন ভাইস-চেয়ারম্যান Mr. Ahmed Shayan Fazlur Rahman কে ৫০ কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার এবং পুঁজিবাজারে আজীবন অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) IFIC Investments Ltd এর তৎকালীন সিইও Mr. Imran Ahmed কে ৫ বছরের জন্য পুঁজিবাজার সংক্রান্ত সকল ধরণের কাজে নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) IFIC Bank PLC এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহ আলম সারওয়ার এর বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) IFIC Bank PLC-কে সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) IFIC Bank PLC এর তৎকালীন মনোনীত পরিচালক Mr. ARM Nazmus Sakib, Mr. Md. Golam Mostofa, Mr. Md. Zafar Iqbal, ndc ও Ms. Quamrun Naher Ahmed এবং তৎকালীন স্বতন্ত্র পরিচালক Mr. Shudhangshu Shekhar Biswas-কে সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) ক্রেডিট রেটিং প্রদানকারী হিসেবে Emerging Credit Rating Ltd (ECRL) কে ১০ লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

জ) বিএসইসির তৎকালীন চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে পুঁজিবাজারে আজীবন অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার এবং তৎকালীন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদকে ৫ বছরের জন্য পুঁজিবাজারে অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝ) Sreepur Township Ltd এর উপর উল্লেখিত 'পুঁজিবাজার অনুসন্ধান ও তদন্ত কমিটি' কর্তৃক পরিচালিত অনুসন্ধান ও তদন্তের অতিরিক্ত কমিশন কর্তৃক তদন্ত পূর্বক Sreepur Township Ltd এর 'IFIC Guaranteed Sreepur Township Green Zero Coupon Bond' সংশ্লিষ্ট অনিয়ম ও বিধিবিধান ভঙ্গের সাথে জড়িত সকলের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। Bangladesh Export Import Company Limited (BEXIMCO) এর ৩০০০ কোটি টাকার ৫ বছর মেয়াদি BEXIMCO Secured Convertible or Redeemable Asset-Backed Green Sukuk এর প্রস্তাব ২৩ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত কমিশনের ৭৭৯ তম কমিশন সভায় অনুমোদিত হয়। প্রস্তাবিত গ্রীণ সুকুকটি ২২৫০ কোটি প্রাইভেট প্লেসমেন্ট (৭৫০ কোটি বিদ্যমান শেয়ার হোল্ডারদের নিকট হতে এবং ১৫০০ কোটি বিদ্যমান শেয়ারহোল্ডারদের ব্যতীত অন্যান্য বিনিয়োগকারীদের নিকট হতে) এর মাধ্যমে এবং ৭৫০ কোটি প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এর মাধ্যমে ইস্যুর জন্য অনুমোদিত হয়। উক্ত সুকুকের মাধ্যমে উত্তোলিত অর্থ BEXIMCO Limited এর টেক্সটাইল ইউনিটের কার্যক্রম বর্ধিতকরণ এবং উহার দুইটি সাবসিডিয়ারি নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন প্রকল্প: তিস্তা সোলার লি. ও করতোয়া সোলার লি. -এ ব্যবহার করে পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণের কথা ছিল। উক্ত সুকুকের প্রতিটি ইউনিটের অভিহিত মূল্য ছিল ১০০ টাকা এবং ন্যূনতম সাবসক্রিপশন মূল্য ছিল ৫০০০ টাকা। উক্ত সুকুকের অরিজিনেটর হিসেবে Bangladesh Export Import Company Limited (BEXIMCO), ইস্যুয়ার বা ট্রাস্ট/SPV হিসেবে Beximco Green Sukuk al-Istisna'a, ট্রাস্ট্রি হিসেবে Investment Corporation of Bangladesh, ইস্যু ম্যানেজার হিসেবে City Bank Capital Resources Limited ও Agrani Equity & Investment Limited, নিরীক্ষক হিসেবে M.J. Abedin & Co., Chartered Accountants এবং ক্রেডিট রেটিং প্রদানকারী হিসেবে Emerging Credit Rating Ltd (ECRL) দায়িত্ব পালন করেছে।

এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিধিমালার কতিপয় বিধি হতে Bangladesh Export Import Company Limited (BEXIMCO) কে কমিশন কর্তৃক অব্যাহতি প্রদান করা হয়। কিন্তু উক্ত অব্যাহতি প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশ হওয়ার পূর্বেই উক্ত সুকুক ইস্যুর আবেদন ২৩ জুন, ২০২১ তারিখে কমিশন কর্তৃক অনুমোদিত হয় এবং কমিশন কর্তৃক ৮ জুলাই ২০২১ তারিখে সম্মতি পত্র বা কনসেন্ট লেটার ইস্যু করা হয়। পরবর্তীতে বিধিবহির্ভূতভাবে ক্ষমতা অপব্যবহার করে উক্ত সুকুকের পাবলিক সাবসক্রিপশন পিরিয়ড ২৩ আগস্ট ২০২১ (বিধিমোতাবেক সর্বশেষ সাবসক্রিপশনের পিরিয়ড) হতে ৩০ সেপ্টেম্বর ২০২১- পর্যন্ত বৃদ্ধি করা হয়। এ বিষয়ে 'পুঁজিবাজার অনুসন্ধান ও তদন্ত কমিটি' কর্তৃক অনুসন্ধান ও তদন্ত পরিচালিত হয়েছে এবং এর প্রতিবেদন কমিশনে জমা হয়েছে। এ সংশ্লিষ্ট বিষয়সমূহ বিবেচনায় নিয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ কমিশন কর্তৃক গৃহীত হয়েছে:

ক) বিএসইসির তৎকালীন চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে পুঁজিবাজারে আজীবন অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার এবং তৎকালীন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদকে ৫ বছরের জন্য পুঁজিবাজারে অবাঞ্ছিত (Persona non grata) ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) BEXIMCO Secured Convertible or Redeemable Asset-Backed Green Sukuk এর উপর উল্লেখিত 'পুঁজিবাজার অনুসন্ধান ও তদন্ত কমিটি' কর্তৃক পরিচালিত অনুসন্ধান ও তদন্তের অতিরিক্ত কমিশন কর্তৃক তদন্ত পূর্বক BEXIMCO Secured Convertible or Redeemable Asset-Backed Green Sukuk সংশ্লিষ্ট অনিয়ম ও বিধিবিধান ভঙ্গের সাথে জড়িত সকলের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

৩০/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র